দৈনিক
ইনকিলাব

তারিখ 07 MAY 2008
পৃষ্ঠা ৭ কলাম ৩

## উচ্চ শিক্ষার দূরশিক্ষণ পদ্ধতি চালু রাখা হোক

শিক্ষা প্রত্যেক নাগরিকের অধিকার। প্রতি বছর দেশের যুবসমাজের একটি বড় অংশ বিভিন্ন কারণে প্রাতিষ্ঠানিক শিক্ষা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। শিক্ষা গ্রহণের আগ্রহ থাকা সত্ত্বেও তারা অনেকেই নিয়মিত লেখাপড়া করার সুযোগ পায় না। শিক্ষার সুযোগবঞ্চিত এসব আগ্রহী জনগোষ্ঠীকে পুনরায় শিক্ষা লাভের সুযোগ করে দেয়ার মানসে ১৯৯২ সালের অক্টোবরে জাতীয় সংসদ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন অনুমোদনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দূরশিক্ষণ পদ্ধতির শিক্ষা ব্যবস্থা চালু হয়। এ বিশ্ববিদ্যালয় প্রথম পর্যায়ে এসএসসি ও এইচএসসি প্রোগ্রামসহ কয়েকটি প্রফেশনাল কোর্স দিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে স্নাতক (পাস) কোর্সও চালু আছে। কিন্তু পাবলিক বিশ্ববিদ্যালয় হওয়ার কারণে সেশনজট ও বিভিন্ন ক্ষেত্রে দীর্ঘসূত্রতার কারণে নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীরা কোর্স শেষ করতে পারে না। পরবর্তীতে ১৯৯৬ সালে বেসরকারী বিশ্ববিদ্যালয় এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ দেশের অধিকাংশ জনগোষ্ঠীকে উচ্চ শিক্ষার আওতায় আনার লক্ষ্যে ক্যাম্পাসভিত্তিক শিক্ষার পাশাপাশি দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে উচ্চ শিক্ষা ব্যবস্থা চালু করে। উচ্চ শিক্ষায় আগ্রহী কিন্তু অর্থনৈতিক, স্বাস্থ্যগত, পেশাগত, পারিবারিক ও বিভিন্ন সমস্যার কারণে উচ্চশিক্ষা গ্রহণ করতে পারেনি। তারা এ পদ্ধতির মাধ্যমে অল্প খরচ ও সেশনজটমুক্ত পরিবেশে আন্তর্জাতিক মানের সিলেবাসে উচ্চ শিক্ষা গ্রহণ করে সামাজিক ও ব্যক্তিজীবনে প্রতিষ্ঠিত হয়েছে। চাকরিজীবীরা চাকরি করার পাশাপাশি উচ্চ শিক্ষা গ্রহণ করে চাকরির ক্ষেত্রে পদোন্নতি পেয়েছে। গ্রামের সুবিধাবঞ্চিত নারী ও পুরুষরা এ পদ্ধতির মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণ করে জীবনে প্রতিষ্ঠা লাভ করেছে। বেসরকারী বিশ্ববিদ্যালয় দূরশিক্ষণ পদ্ধতিতে উচ্চ শিক্ষা মানসম্মত নয়, এমন অভিযোগের প্রেক্ষিতে সরকার দূরশিক্ষণ পদ্ধতিতে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ বন্ধ করে দেয়। এর ফলে দেশের জনগোষ্ঠীর একাংশ উচ্চ শিক্ষার ইচ্ছা থাকলেও নানাবিধ সমস্যার কারণে উচ্চ শিক্ষা গ্রহণে ব্যর্থ হবে। এর প্রভাব দেশ ও জাতির ওপর পড়বে। উন্নতবিশ্বে দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণ করার ব্যবস্থা আছে। তাই দূরশিক্ষণ পদ্ধতি চালু রাখা এখন সময়ের দাবী। মাননীয় প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ সংশ্লিষ্ট সকলের নিকট সুবিধাবঞ্চিতদের দূরশিক্ষণের মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ প্রদান করে দেশ ও জাতির শিক্ষা সেবা নিশ্চিত করার অনুরোধ করছি।

–এম. আর. সুমন
শিক্ষার্থী
বাংলা বিভাগ (চতুর্থ সেমিস্টার)
এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ
উত্তরা, ঢাকা -১২০৭।